

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 14-11-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, মানুষের জীবিকা নির্বাহের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করে তার বিকাশে রাজ্য সরকার কাজ করছে। গতকাল ধলাই জেলার কমলপুরে হরচন্দ্র দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের পাকা বাড়ি নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ভার্চুয়ালভাবে জেলার ২২টি প্রকল্পের পরিকাঠামোগত উন্নয়নের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০৮৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের যে সংকল্প নিয়েছেন সেই সংকল্পকে সামনে রেখে ত্রিপুরাও এগিয়ে চলেছে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা এখন উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে জি.এস.ডি.পি. এবং মাথাপিছু আয়ের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে রয়েছে। সম্প্রতি নীতি আয়োগ ত্রিপুরাকে ফ্রন্ট রানার রাজ্য হিসেবে ঘোষণা করেছে। তিনি বলেন, কাজের গতি আনতে ত্রিস্তরীয় পঞ্চায়েত থেকে ক্যাবিনেট পর্যন্ত ই-অফিস চালু করা হয়েছে। এতে জনগণের সুবিধা হচ্ছে। রাজ্য সরকারের লক্ষ্য ত্রিপুরায় ১ লক্ষ ১৪ হাজার লাখপতি দিদি তৈরি করা।

মুখ্যমন্ত্রী গতকাল ধলাই জেলায় শান্তিরবাজার বাজারও পরিদর্শন করেন এবং গত মাসে সেখানে একটি হিংসাত্মক ঘটনায় ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন।

\*\*\*\*\*

**Bihar vote counting today :**

বিহারে বিধানসভা নির্বাচনের ভোট গণনা আজ সকাল ৮টা থেকে শুরু হবে। বিহারের ৩৮টি জেলার ৪৬টি কেন্দ্রে ভোট গণনা করা হবে। গত ৬ এবং ১১

নতুন দুই ধাপে ২৪৩টি আসন্নের বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে বিহারে ১৯৫১ সালের পর থেকে সর্বোচ্চ ৬৭.১৩ শতাংশ ভোট পড়েছে। বৈদ্যুতিন ভোট যন্ত্রে দুই হাজার ৬১৬ জন প্রার্থীর ভাগ্য বন্দী রয়েছে, সেগুলো স্ট্রং রুমে কড়া নিরাপত্তার মধ্যে রাখা হয়েছে।

\*\*\*\*\*

### **India-Nepal LOE exchanged :**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল গতকাল নয়াদিল্লিতে নেপালের বাণিজ্যমন্ত্রী অনিল কুমার সিনহার সাথে দ্঵িপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে উভয় দেশ ভারত ও নেপালের মধ্যে ট্রানজিট চুক্তির প্রোটোকল সংশোধন করে একটি বিনিময় পত্র পারস্পরিক হস্তান্তর করেছে। বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে, এই চিঠি জোগবানি-বিরাটনগর রেল সংযোগ ব্যবস্থায় উভয় পক্ষে পণ্য ওঠানো এবং ব্যাপক মাত্রায় পরিবহনে সক্ষম করবোমন্ত্রক আরও জানিয়েছে, এই উদ্যোগটি দুই দেশের মধ্যে বহুমুখী বাণিজ্য সংযোগ এবং অন্যান্য দেশের সঙ্গে নেপালের বাণিজ্যকে শক্তিশালী করতে চলেছে।

\*\*\*\*\*

### **World Diabets day:**

আজ বিশ্ব ডায়াবেটিস দিবস। ডায়াবেটিস রোগ সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি এই দিবস উদয়াপনের উদ্দেশ্য। এই দিবস উদয়াপনের জন্য ডায়াবেটিস ওয়েলফেয়ার সোসাইটির পক্ষ থেকে আজ সকালে আগরতলার নজরুল কলা ক্ষেত্রের সামনে এক সচেতনতা মূলক পদ্যাভ্রার আয়োজন করা হয়েছে। পদ্যাভ্রার উদ্বোধন করবেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেজিডি নাল্লু।

\*\*\*\*\*

### **NEP 2020-Seminar :**

উনকোটি জেলার ফটিকরায়ে আব্দেকর কলেজের অডিটরিয়ামে দু'দিনের জাতীয় সেমিনার আজ শেষ হচ্ছে গতকাল থেকে শুরু হওয়া সেমিনারের বিষয় ছিল উচ্চশিক্ষা ক্ষেত্রে জাতীয় শিক্ষানীতির রূপায়ন। সেমিনারে বঙ্গ ছিলেন ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর ইন্দ্রনীল ভোমিক, আব্দেকর কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা প্রমুখ। সেমিনারে মোট একুশটি গবেষণাপত্র উপস্থাপন করা হয়।

\*\*\*\*\*

### **WORKSHOP ON GROUND NUT :**

চীনা বাদাম উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বাগমা এলাকায় বিজ্ঞানসম্মত উপায়ে চিনাবাদাম চাষের উপর গতকাল একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কৃষি মহাবিদ্যালয়, ICAR, Indian Institute of Groundnut Research ও কৃষি দপ্তরের যৌথ উদ্যোগে বাগমা এগ্রি প্রডিউসার কোম্পানি লিমিটেডের কার্যালয়ে এই কর্মশালার আয়োজন করা হয়। গোমতী, দক্ষিণ, সিপাহিজলা ও খোয়াই জেলা থেকে ৩০ জন চিনাবাদাম চাষীকে কৃষি বিজ্ঞানীরা প্রশিক্ষণ দেন।

\*\*\*\*\*

### **NSS :**

আগরতলার মহিলা মহাবিদ্যালয়ের এন.এস.এস ইউনিট এর উদ্যোগে গতকাল মাতঙ্গী প্রতিলিপা সভাগৃহে 'সুস্থতাই প্রতিটি মানুষের একমাত্র সম্পদ' শীর্ষক এক স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। পৌরহিত্য করেন কলেজের অধ্যক্ষ শর্বরী নাথ। তিনি বলেন, এই সময়ে এই ধরনের স্বাস্থ্য সচেতনতামূলক অনুষ্ঠান খুবই প্রাসঙ্গিক।

\*\*\*\*\*

### **Law and order meeting :**

পশ্চিম জেলার আইন শৃঙ্খলার পরিস্থিতি পর্যালোচনা করলেন পুলিশ দুপার নমিত পাঠক। গতকাল সন্ধ্যায় পুলিশ সদর দপ্তরে এই বৈঠকে উপস্থিত ছিলেন পুলিশ, বিএসএফ, টিএসআর ছাড়াও গোয়েন্দা সংস্থার আধিকারিকরা।

\*\*\*\*\*

### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*